গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
**পরিকল্পনা -৭ শাখা**

পত্র নং-১২.০৮৯.০১৪.০১.১২০.২০১৫/৬২ তারিখঃ ১৫ মার্চ, ২০১৬

**বিষয়ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত "ই-কৃষির মাধ্যমে কৃষি সম্প্রসারণ সেবা জোরদারকরণ ও ডিজিটাল ডকুমেন্টেশন" শীর্ষক প্রকল্পের ব্যয় পর্যালোচনা সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।**

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত **"ই-কৃষির মাধ্যমে কৃষি সম্প্রসারণ সেবা জোরদারকরণ ও ডিজিটাল ডকুমেন্টেশন"** শীর্ষক প্রকল্পের উপর ব্যয় পর্যালোচনা সভা গত ১৩ মার্চ, ২০১৬ তারিখে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন মন্ত্রণালয়ের যুগ্ম-প্রধান জনাব মোঃ মনজুরুল আনোয়ার। উক্ত সভার কার্যবিবরণীর এক প্রস্থ সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

১৫/৩/২০১৬
**(মোঃ নাজমুল আলম)**
সিনিয়র সহকারী প্রধান
ফোন নং ৯৫৪৫৬০৩

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে সাজানো নয়)ঃ

১। পরিচালক, পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
২। পরিচালক (কম্পিউটার ও জিআইএস), বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
৩। উপ-পরিচালক (আইসিটি ম্যানেজমেন্ট), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
৪। প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)**।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্ম-প্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
**পরিকল্পনা-৭ শাখা**

বিষয়ঃ **"ই-কৃষির মাধ্যমে কৃষি সম্প্রসারণ সেবা জোরদারকরণ ও ডিজিটাল ডকুমেন্টেশন" শীর্ষক প্রকল্পের** উপর অনুষ্ঠিত ব্যয় পর্যালোচনা সভার কার্যবিবরণী।

কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নের জন্য প্রস্তাবিত **"ই-কৃষির মাধ্যমে কৃষি সম্প্রসারণ সেবা জোরদারকরণ ও ডিজিটাল ডকুমেন্টেশন"** শীর্ষক প্রকল্পের ব্যয় পর্যালোচনা সভা ১৩ মার্চ, ২০১৬ তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম-প্রধান জনাব মোঃ মনজুরুল আনোয়ার। সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা **'পরিশিষ্ট-ক'**- এ প্রদান করা হলো।

২। **উপস্থাপনাঃ**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। সভাপতি বলেন যে, আলোচ্য প্রকল্পের উপর গত ১১ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছিল। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক প্রকল্পের ব্যয় পর্যালোচনাসহ অন্যান্য ত্রুটি/অসঙ্গতি সংশোধনের উদ্দেশ্যে অদ্যকার সভা আয়োজন করা হয়েছে। সভায় আইসিটি সংক্রান্ত কার্যক্রমের সাথে সম্পৃক্ত বিএআরসি'র পরিচালক (কম্পিউটার ও জিআইএস), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালক (পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং) এবং উপ-পরিচালক (আইসিটি ম্যানেজমেন্ট) আমন্ত্রণ জানানো হয়েছে-যাতে সকলের অংশগ্রহণের মাধ্যমে একটি বাস্তবসম্মত ও কার্যকর প্রকল্প প্রস্তাব প্রণয়ন করা সম্ভব হয়।

৩। **আলোচনাঃ**

৩.১ আলোচনার শুরুতে সভাপতি বলেন যে, প্রকল্পের আওতায় এসএএও ও কৃষকদের জন্য ২৫,০০০ টাকা মূল্যের Smart phone/Tab প্রদানের সংস্থান রাখা হয়েছে। বর্তমান বাজার মূল্য বিবেচনায় এর একক ব্যয় অত্যধিক বলে প্রতীয়মান হয়। এছাড়া কৃষি মন্ত্রণালয়/পরিকল্পনা কমিশন কর্তৃক সুপারিশকৃত NATP-II প্রকল্পের আওতায় ১২,০০০ টাকা মূল্যের Tab প্রদান করা হবে। একই মন্ত্রণালয়ের আওতায় সাম্প্রতিক সময়ে নেয়া দু'টি প্রকল্পে সমধর্মী আইটেমের একক ব্যয় অভিন্ন রাখা বাঞ্ছনীয়। ফলে প্রস্তাবিত প্রকল্পের আওতায় সরবরাহের জন্য নির্ধারিত Smart phone/Tab এর একক ব্যয় সর্বোচ্চ ১২,০০০ টাকা নির্ধারণ করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

৩.২ আলোচনায় অংশগ্রহণ করে কৃষি মন্ত্রণালয়ের পক্ষ থেকে সভাকে জানানো হয় যে, এসএএও এবং কৃষকদেরকে শুধুমাত্র Smart phone/Tab প্রদান করা হলে তাঁরা ইন্টারনেট ব্যবহার নাও করতে পারে। এক্ষেত্রে প্রকল্পের উদ্দেশ্য অর্জন ব্যহত হতে পারে। ফলে প্রকল্পের আওতায় Smart phone/Tab-এ ব্যবহারের জন্য সিম ও প্রতি মাসের ইন্টারনেট ব্যয় প্রদান করা যেতে পারে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কৃষক এবং এসএএওগণকে প্রদানকৃত Smart phone/Tab-এ শুধুমাত্র ইন্টারনেট ব্যবহারের জন্য প্রতিমাসে সর্বোচ্চ ১০০ টাকা হারে বরাদ্দ রাখা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়। এছাড়া,

প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জনের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাগণকে প্রকৃত প্রয়োজনীয়তার নিরিখে Smart phone/Tab প্রদান করা যেতে পারে।

৩.৩ প্রকল্পের আওতায় কৃষক ডাটাবেজ তৈরি করার সংস্থান রাখা হয়েছে। এ বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ বলেন যে, কাজটি শ্রমসাধ্য ~~একটি~~ কাজ এবং এর জন্য তথ্য সংগ্রহ/বিশ্লেষণ/সংশোধন/লিপিবদ্ধকরণের নিমিত্ত অভিজ্ঞ জনবল এবং যথেষ্ট সময় প্রয়োজন। তাছাড়া, এ ডাটাবেজ জাতীয় পরিচয়পত্রের সাথে link করার বিষয়টিও বিবেচনায় আনা প্রয়োজন। এসব বিবেচনায় নির্বাচন কমিশন সচিবালয়, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর National Data Center এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাথে আলোচনা করা প্রয়োজন। এসব সংস্থার সাথে আলোচনা শেষে বাস্তবভিত্তিক ব্যয় প্রাক্কলন করা যেতে পারে মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।

৩.৪ প্রকল্পের আওতায় দেশে/বিদেশে প্রশিক্ষণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। দেশে প্রশিক্ষণের ক্ষেত্রে কর্মকর্তা/এসএএও/কৃষকগণকে যে প্রশিক্ষণ প্রদান করা হবে তা সুনির্দিষ্টভাবে ডিপিপিতে উল্লেখ করা প্রয়োজন। এছাড়া, বিদেশে প্রশিক্ষণের ক্ষেত্রে প্রকল্প দপ্তর কর্তৃক আয়োজনকারী প্রতিষ্ঠানের সাথে সরাসরি যোগাযোগের মাধ্যমে প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে মর্মে সভায় একমত পোষণ করা হয়।

৩.৫ সভাকে জানানো হয় যে, প্রকল্পের আওতায় ৮১.০০ কোটি টাকা ব্যয়ে একটি ডিজিটাল প্লাটফর্ম স্থাপন করা হবে। তবে তা কীরূপে স্থাপন করা হবে সে সম্পর্কে ডিপিপিতে উল্লেখ করা হয়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ বিষয়ে উপ-পরিচালক (আইসিটি ম্যানেজমেন্ট, ডিএই) জানান যে, প্রকল্পের আওতায় কৃষি মন্ত্রণলয়সহ বিভিন্ন সংস্থার আইসিটি উন্নয়ন করা হলে এই ডিজিটাল প্লাটফর্মে তারা তথ্য সংযুক্ত করতে পারবে। উল্লিখিত অর্থ সংস্থাসমূহের আইসিটি খাতের উন্নয়নে ব্যবহার করা হবে। প্রসঙ্গক্রমে বিএআরসি'র পরিচালক (কম্পিউটার ও জিআইএস) বলেন যে, ইতোমধ্যে কৃষি মন্ত্রণালয়ের আওতায় বিভিন্ন সংস্থা কর্তৃক বাস্তবায়িত/বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় আইসিটি উইংসমূহ উন্নয়ন করা হয়েছে। ফলে প্রস্তাবিত প্রকল্পের আওতায় ডিজিটাল প্লাটফর্ম স্থাপনের জন্য ৮১.০০ কোটি টাকার পরিবর্তে সর্বোচ্চ ২.০০ কোটি টাকার সংস্থান রাখা যেতে পারে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন।

৩.৬ পরামর্শক নিয়োগের বিষয়ে সভায় আলোচনা হয়। ডিএই এবং বিএআরসি হতে জানানো হয় যে, প্রকল্পের আওতায় উভয় সংস্থার আইসিটি উন্নয়নের লক্ষ্যে পরামর্শক নিয়োগের সংস্থান রাখা হয়েছে। এ বিষয়ে কৃষি মন্ত্রণালয়ের উপ-প্রধান-১ বলেন যে, এতো বিপুল সংখ্যক পরামর্শক নিয়োগ করা সময় সাপেক্ষ কাজ। তবে পরামর্শক ফার্ম নিয়োগের মাধ্যমে কাজটি সহজে করা যেতে পারে মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়। এছাড়া, PPP for quick technology dissemination আইটেমটি Interactive dialogue for technology imrovement/dissemination শিরোনামে নির্ধারণ করা যেতে পারে মর্মে সভায় পরামর্শ প্রদান করা হয়।

৩.৭ সভায় content digitizing, development of offline content, online reporting system, cellphone based application, development of online application and technology compendium, development of digital assistant application এবং online survey/report by SAAP খাতসমূহ নিয়ে আলোচনা হয়। এখাতসমূহের প্রয়োজনীয়তা আছে কি-না সে বিষয়ে জানতে চাওয়া হলে বিএআরসি'র পরিচালক (কম্পিউটার ও জিআইএস) বলেন যে, শিরোনাম দেখে এ খাতগুলোতে দ্বৈততা রয়েছে মর্মে প্রতীয়মান হয়। এক্ষেত্রে উল্লিখিত খাতসমূহের প্রয়োজনীয়তা ও এ বাবদ ব্যয় যুক্তিযুক্ত করার লক্ষ্যে বিএআরসি'র পরিচালক (কম্পিউটার ও জিআইএস)-এর সাথে আলোচনা করার জন্য উপ-পরিচালক (আইসিটি ম্যানেজমেন্ট, ডিএই)-কে নির্দেশনা প্রদান করা হয়।

৩.৮ সভায় toners and others, central workshop repair, training centers repair, microbus as mobile training van, close circuit camera, digital video recorder, multipurpose I board, protable projector, wifi routers, intercom set এবং digital security system in DAE head quarter আইটেমসমূহের প্রয়োজনীয়তার বিষয়ে আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে উল্লিখিত আইটেমসমূহের প্রয়োজনীয়তা না থাকায় তা প্রস্তাবিত প্রকল্প থেকে বাদ দেয়ার বিষয়ে একমত পোষণ করা হয়। এছাড়া, ফিজিক্যাল এবং প্রাইস কন্টিনজেন্সী খাতের ব্যয় মোট প্রকল্প ব্যয়ের যথাক্রমে ২% এবং ৮% নির্ধারণের বিষয়ে সভায় পরামর্শ প্রদান করা হয়।

৩.৯ কৃষি মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয় যে, প্রকল্পের আওতায় সার্ভিস ইনোভেশন ফান্ড বাবদ মোট ১০.২০ কোটি টাকার সংস্থান রাখা হয়েছে। এ খাতের ব্যয় কীভাবে হবে সে সম্পর্কে ডিপিপিতে সুস্পষ্ট দিক নির্দেশনা থাকা প্রয়োজন। এ বিষয়ে বিএআরসি'র পরিচালক (কম্পিউটার ও জিআইএস) বলেন যে, এখাতের ব্যয় সর্বোচ্চ ৫.০০ কোটি টাকা হতে পারে। সভায় এ বিষয়ে একমত পোষণ করা হয়।

৩.১০ সভায় অডিও/ভিডিও খাতে ২৫০.০০ লক্ষ টাকার পরিবর্তে ৫০.০০ লক্ষ টাকা, যন্ত্রপাতি মেরামত বাবদ ১০০.০০ লক্ষ টাকার পরিবর্তে ৫০.০০ লক্ষ টাকা, ডাটা ও জিআইএস সেন্টার মেরামত বাবদ ৩২৫.০০ লক্ষ টাকার পরিবর্তে ১৫০.০০ লক্ষ টাকা, অন্যান্য মেরামত বাবাদ ১৫০.০০ লক্ষ টাকার পরিবর্তে ১০০.০০ লক্ষ টাকা, ৪টি জীপ ক্রয়ের পরিবর্তে ৩টি জীপ ক্রয় এবং এর একক ব্যয় ৭১.৩০ লক্ষ টাকার পরিবর্তে ৭৫.০০ লক্ষ টাকা, ডাবল কেবিন পিক আপ-এর একক ব্যয় ৪৭.০০ লক্ষ টাকার পরিবর্তে ৫৫.০০ লক্ষ টাকা, ৬০০টি জিপিএস ক্যামেরা ৩৯০.০০ লক্ষ টাকায় ক্রয়ের পরিবর্তে ৬টি জিপিএস ক্যামেরা ৩.৯০ লক্ষ টাকা, ৭০টি জিপিএস ডিভাইস ২১.০০ লক্ষ টাকায় ক্রয়ের পরিবর্তে ১০টি ৩.০০ লক্ষ টাকায়, ১১টি ভিডিও ক্যামেরা ১১.০০ লক্ষ টাকায় ক্রয়ের পরিবর্তে ২টি ২.০০ লক্ষ টাকায়, ১০৩টি Kiosk স্থাপনের পরিবর্তে ১০৬টি Kiosk স্থাপন, ফটোকপিয়ারের একক মূল্য ২.৪০ লক্ষ টাকার পরিবর্তে ১.৩০ লক্ষ টাকা, স্টোরেজ এরিয়া নেটওয়ার্কের একক মূল্য ১০০.০০ লক্ষ টাকার পরিবর্তে ৫০.০০ লক্ষ টাকা, ল্যাপটপ/ডেক্সটপ/প্রিন্টার/মাল্টিমিডিয়া/স্ক্যানার প্রতিটি ৬০০ টির পরিবর্তে প্রকৃত প্রয়োজনীয়তার নিরিখে

সর্বোচ্চ ৪৫০টি, ১৪টি সংযোগসহ টেলিফোন সেট বাবদ ২.৮০ লক্ষ টাকার পরিবর্তে ১০টির জন্য ০.৩০ লক্ষ টাকা, ফ্যানের একক মূল্য ০.৫০ লক্ষ টাকার পরিবর্তে ০.০৫ লক্ষ টাকা, প্রকল্প পরিচালকের দপ্তরের জন্য আসবাবপত্র বাবদ ১৫৪.০০ লক্ষ টাকার পরিবর্তে ২০.০০ লক্ষ টাকায় নির্ধারণের বিষয়ে সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। **সিদ্ধান্তঃ**

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

৪.১ প্রকল্পের আওতায় সরবরাহের জন্য নির্ধারিত Smart phone/Tab এর একক ব্যয় সর্বোচ্চ ১২,০০০ টাকা নির্ধারণ করতে হবে;

৪.২ প্রকল্পের আওতায় Smart phone/Tab-এ ব্যবহারের জন্য এসএএও এবং কৃষকদেরকে সিম ও শুধুমাত্র ইন্টারনেট ব্যবহারের জন্য প্রতিমাসে সর্বোচ্চ ১০০ টাকা হারে বরাদ্দ রাখা যেতে পারে। এছাড়া, প্রকল্পের উদ্দেশ্য শতভাগ অর্জনের জন্য উপজেলা কৃষি কর্মকর্তাগণকে প্রকৃত প্রয়োজনীয়তার নিরিখে Smart phone/Tab প্রদান করা যেতে পারে;

৪.৩ কৃষক ডাটাবেজ প্রণয়নের লক্ষ্যে জাতীয় পরিচয়পত্রের সাথে link করার জন্য নির্বাচন কমিশন সচিবালয়, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর National Data Center এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাথে আলোচনা করতে হবে;

৪.৪ প্রকল্পের আওতায় দেশে প্রশিক্ষণের ক্ষেত্রে কর্মকর্তা/এসএএও/কৃষকগণকে যে প্রশিক্ষণ প্রদান করা হবে তা সুনির্দিষ্টভাবে ডিপিপিতে উল্লেখ করতে হবে। পাশাপাশি, বিদেশে প্রশিক্ষণের ক্ষেত্রে প্রকল্প দপ্তর কর্তৃক আয়োজনকারী প্রতিষ্ঠানের সাথে সরাসরি যোগাযোগের মাধ্যমে প্রশিক্ষণ আয়োজন করতে হবে;

৪.৫ প্রকল্পের আওতায় ডিজিটাল প্লাটফর্ম স্থাপনের জন্য সর্বোচ্চ ২.০০ কোটি টাকার সংস্থান রাখতে হবে;

৪.৬ প্রকল্পে পরামর্শক ফার্ম নিয়োগের মাধ্যমে প্রয়োজনীয় পরামর্শক নিয়োগ করতে হবে। এছাড়া, PPP for quick technology dissemination আইটেমটি Interactive dialogue for technology imrovement/dissemination শিরোনামে নির্ধারণ করতে হবে;

৪.৭ Content digitizing, development of offline content, online reporting system, cellphone based application, development of online application and technology compendium, development of digital assistant application এবং online survey/report by SAAP খাতসমূহের প্রয়োজনীয়তা ও এ বাবদ ব্যয় যুক্তিযুক্ত করার লক্ষ্যে বিএআরসি'র পরিচালক (কম্পিউটার ও জিআইএস)-এর সাথে আলোচনাপূর্বক চূড়ান্ত করতে হবে;

৪.৮ Toners and others, central workshop repair, training centers repair, microbus as mobile training van, close circuit camera, digital video recorder, multipurpose I board, protable projector, wifi routers, intercom set এবং digital security system in DAE head quarter আইটেমসমূহের না থাকায় তা প্রস্তাবিত প্রকল্প থেকে বাদ দিতে হবে। এছাড়া, ফিজিক্যাল এবং প্রাইস কন্টিনজেন্সী খাতের ব্যয় মোট প্রকল্প ব্যয়ের যথাক্রমে ২% এবং ৮% নির্ধারণ করতে হবে;

৪.৯ প্রকল্পের আওতায় সার্ভিস ইনোভেশন ফান্ড বাবদ সর্বোচ্চ ৫.০০ কোটি টাকার সংস্থান রাখা যেতে পারে। এছাড়া, এ খাতের ব্যয় কীভাবে হবে সে সম্পর্কে ডিপিপিতে সুস্পষ্ট দিক নির্দেশনা থাকতে হবে;

৪.১০ প্রস্তাবিত প্রকল্পের আওতায় অডিও/ভিডিও খাতে ৫০.০০ লক্ষ টাকা, যন্ত্রপাতি মেরামত বাবদ ৫০.০০ লক্ষ টাকা, ডাটা ও জিআইএস সেন্টার মেরামত বাবদ ১৫০.০০ লক্ষ টাকা, অন্যান্য মেরামত বাবাদ ১০০.০০ লক্ষ টাকা, ৩টি জীপ ক্রয় এবং এর একক মূল্য বাবদ ৭৫.০০ লক্ষ টাকা, ডাবল কেবিন পিক আপ-এর একক ব্যয় ৫৫.০০ লক্ষ টাকা, ৬টি জিপিএস ক্যামেরা ৩.৯০ লক্ষ টাকা, ১০টি জিপিএস ডিভাইস ক্রয় বাবদ ৩.০০ লক্ষ টাকা, ২টি ভিডিও ক্যামেরা ক্রয় বাবদ ২.০০ লক্ষ টাকা, ১০৬টি Kiosk স্থাপন, ফটোকপিয়ারের একক মূল্য ১.৩০ লক্ষ টাকা, স্টোরেজ এরিয়া নেটওয়ার্কের একক মূল্য ৫০.০০ লক্ষ টাকা, ল্যাপটপ/ডেক্সটপ/প্রিন্টার/মাল্টিমিডিয়া/স্ক্যানার প্রতিটি প্রকৃত প্রয়োজনীয়তার নিরিখে সর্বোচ্চ ৪৫০টি, ১০টি সংযোগসহ টেলিফোন সেট বাবদ ০.৩০ লক্ষ টাকা, ফ্যানের একক মূল্য ০.০৫ লক্ষ টাকা, প্রকল্প পরিচালকের দপ্তরের জন্য আসবাবপত্র বাবদ ২০.০০ লক্ষ টাকার সংস্থান রাখতে হবে; এবং

৪.১১ গত ১১ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত যাচাই কমিটির সিদ্ধান্ত এবং অনুচ্ছেদ ৪.১ হতে ৪.১০ প্রতিপালন সাপেক্ষে পুনর্গঠিত ডিপিপি জরুরিভিত্তিতে মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।

৫। পরিশেষে সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।

(মোঃ মনজুরুল আনোয়ার)
যুগ্ম-প্রধান
কৃষি মন্ত্রণালয়

অদ্য ১৩ মার্চ, ২০১৬ তারিখে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "ই-কৃষির মাধ্যমে কৃষি সম্প্রসারণ সেবা জোরদারকরণ ও ডিজিটাল ডকুমেন্টেশন" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত ব্যয় পর্যালোচনা সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকাঃ

| ক্রঃ নং | নাম ও পদবী | মন্ত্রণালয়/সংস্থা | ফোন | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | প্রদীপ কুমার মণ্ডল<br>পরিচালক (পরিকল্পনা) | DAE | 01715205833 | [signature] ১৩/৩/১৬ |
| | মো: আবিদ হোসেন চৌধুরী<br>পরিচালক (তথ্য অধিশাখা) | BARC | 01819686449 | [signature] 13/3/16 |
| | ড. মো: নজরুল ইসলাম<br>উপ-পরিচালক (ICT) | DAE | 0171505750 6 | [signature] |
| | মো: মাহবুবুল হক পাটওয়ারী<br>উপসচিব | MoA | 01712901556 | [signature] ১৩/৩/১৬ |
| | দীপক কুমার সরকার<br>উপ-প্রধান | MoA | ~~১৩~~01711986756 | [signature] ১৩/৩/১৬ |
| | মো: মাহমুদ আলম<br>সিনিয়র সহকারী প্রধান | কৃষি মন্ত্রণালয় | ৯৫৪৫৩১৬ | [signature] |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |